



“স্বচ্ছ উন্নয়নের অক্সিজেন”



“জনকল্যাণে রাজস্ব”


গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোংলা কাস্টম হাউস, মোংলা।
[নিলাম শাখা]

নথি নং: এস/০১/সিজার ও নিলাম/নিলামকারী নিয়োগ/মোংলা/২২-২৩/ ২৫৬৫ (২) তারিখ: 06 MAR 2023

বিষয়: নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি প্রচার প্রসঙ্গে।

মোংলা কাস্টম হাউস, মোংলা এর অধীনে সরকারী নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি আপনার পত্রিকার ৩ কলামে ৯ ইঞ্চিতে আগামী ১২/০৩/২০২৩ খ্রিঃ তারিখে প্রকাশপূর্বক প্রকাশিত বিজ্ঞপ্তির ০২ (দুই) টি কপি এ দপ্তরে প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো।

০২। বিষয়টি অতীব জরুরী।


06.03.23

সংযুক্তি: প্রকাশিতব্য নিয়োগ বিজ্ঞপ্তি ০১ (এক) পাতা।

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে।

প্রাপকঃ

- ০১। সম্পাদক, দৈনিক ইত্তেফাক, ৪০ কাওলান বাজার, ঢাকা-১২২১৫ (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
- ০২। সম্পাদক, দৈনিক পূর্বাঞ্চল, ৩৮ ইকবাল নগর, খুলনা (ভিতরের পাতায় প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা (নিলামের বিজ্ঞপ্তি জাতীয় রাজস্ব বোর্ডের ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।
- ০৪। সহকারী প্রোগ্রামার, মোংলা কাস্টম হাউস, মোংলা (আপনাকে নিলাম বিজ্ঞপ্তি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হলো)।
- ০৫। অফিস কপি।



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মোংলা কাস্টম হাউস, মোংলা।
[নিলাম শাখা]

নিলামকারী নিয়োগ বিজ্ঞপ্তি

মোংলা কাস্টম হাউস, মোংলা, বাগেরহাট এর নিয়ন্ত্রণাধীন গুন্ড-গুদাম, প্রিভেন্টিভ ইউনিট এবং মোংলা বন্দর জেটিতে রক্ষিত অখালাসকৃত বিভিন্ন প্রকার গাড়ী ও নিলামযোগ্য অন্যান্য মালামাল নিলামে বিক্রয়ের জন্য নিলামকার্য পরিচালনার লক্ষ্যে নিলামকারী প্রতিষ্ঠানের সাথে চুক্তি সম্পাদন করা হবে। সে লক্ষ্যে নিলামকারী হিসেবে নিয়োগে অগ্রহী প্রতিষ্ঠানের নিকট হতে দরপত্র আহ্বান করা হচ্ছে। আগামী ২০/০৩/২০২৩ খ্রিঃ থেকে ২৩/০৩/২০২৩ খ্রিঃ তারিখের মধ্যে ৩০০০ (তিন হাজার) টাকা ট্রেজারী চালানোর মাধ্যমে (কোড নং: ১-১১৩১-০০১৫-০৪২১) জমা প্রদানপূর্বক চালানোর মূলকপি দাখিল করে দরপত্র/টেভার ফরম সংগ্রহ করা যাবে। দরপত্র সংক্রান্ত বিস্তারিত দরপত্র ফরমে উল্লেখ থাকবে।

- ০২। নিলামকারী হিসাবে নিয়োগের যোগ্যতা :
- (ক) নিলামকারী প্রতিষ্ঠান হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।
(খ) প্রতিষ্ঠানের প্রধান/স্বত্বাধিকারীকে কমপক্ষে এইচ.এস.সি পাস হতে হবে।
- ০৩। টেভার ফরম/দরপত্রের সাথে নিম্নোক্ত দলিলাদি আবশ্যিকভাবে দাখিল করতে হবে :
- (ক) ১৩ ডিজিটের মুসক নিবন্ধন সনদপত্র (হালনাগাদ রিটার্ন দাখিলের প্রমাণকসহ)।
(খ) হালনাগাদ ট্রেড লাইসেন্সের কপি।
(গ) টিআইএন সনদপত্র (হালনাগাদ আয়কর রিটার্ন দাখিলের প্রমাণকসহ)।
(ঘ) নিলামকারী হিসেবে কমপক্ষে ০৩ (তিন) বছরের অভিজ্ঞতার সনদপত্র (অভিজ্ঞতা সনদ সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের লেটার হেড প্যাডে স্মারক নং সহ থাকতে হবে)
(ঙ) ব্যাংক সলভেন্সি সনদপত্র।
(চ) স্বত্বাধিকারী/অংশীদার/পরিচালকগণের জাতীয় পরিচয়পত্র।
(ছ) স্বত্বাধিকারীর শিক্ষাগত যোগ্যতার সনদপত্র।
(জ) চারিত্রিক সনদপত্র ও নাগরিকত্ব সনদপত্র।
(ঝ) কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলা এর অনুকূলে জামানত হিসেবে ০৫ (পাঁচ) লক্ষ টাকার পে-অর্ডার।
(ঞ) পাসপোর্ট সাইজের ০৪ (চার) কপি ছবি।
- সকল দলিলাদি ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে এবং সংযুক্ত দলিলাদিসমূহের পৃষ্ঠা নং উল্লেখ করতে হবে।
- ০৪। নিলামকারী হিসাবে পূর্বে দায়িত্ব পালনকালে কোন প্রকার অনিষ্পন্ন অনিয়মের প্রমাণ এবং বর্তমান নিলামকারী হিসাবে নিয়োগ প্রাপ্তির লক্ষ্যে কোন মাধ্যমে নিয়োগকারী কর্তৃপক্ষকে প্রভাবিত করার প্রচেষ্টা, কোন অসত্য/জাল দলিলাদি দাখিল করলে নিলামকারী হিসাবে নিয়োগের ক্ষেত্রে অযোগ্যতা হিসাবে বিবেচিত হবে এবং দাখিলকৃত জামানত বাজেয়াপ্তসহ অন্যান্য আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
- ০৫। যথাযথভাবে পূরণকৃত টেভার ফরম/দরপত্র ও উপরিউল্লিখিত অন্যান্য দলিলাদিসহ নিলামকারী হিসেবে আবেদন করতে হবে। দলিলাদিসহ যথাযথভাবে পূরণকৃত আবেদনপত্র কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, খুলনা/কাস্টমস এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (দক্ষিণ)/কাস্টম হাউস, চট্টগ্রাম/ মোংলা কাস্টম হাউস, মোংলায় রক্ষিত টেভার বস্ত্রে আগামী ২৮/০৩/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.৩০ ঘটিকা হতে দুপুর ০১.০০ ঘটিকা পর্যন্ত দাখিল করা যাবে। ডাকযোগে প্রেরণের ক্ষেত্রে নির্ধারিত ২৮/০৩/২০২৩ খ্রিঃ তারিখ দুপুর ০১.০০ ঘটিকার মধ্যে উক্ত আবেদনপত্র (উপরিউক্ত সকল দলিলাদিসহ) নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে পৌছাতে হবে। ৩০/০৩/২০২৩ খ্রিঃ তারিখ সকাল ১১.০০ ঘটিকায় টেভার বস্ত্র আবেদনকারী/টেভার দাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।
- ০৬। চূড়ান্তভাবে নির্বাচিত প্রতিষ্ঠানকে কমিশনার, মোংলা কাস্টম হাউস, মোংলার অনুকূলে ১০,০০,০০০ (দশ) লক্ষ টাকার নিরাপত্তা জামানত জমা রাখতে হবে।
- ০৭। নির্ধারিত তারিখ ও সময়সীমা উত্তীর্ণ হওয়ার পর কোন টেভার ফরম/দরপত্র আনুসঙ্গিক দলিলাদি সরবরাহ এবং গ্রহণ করা হবে না।
- ০৮। অসম্পূর্ণ দরপত্র আবেদন নিলামকারী হিসেবে নিয়োগ লাভের ক্ষেত্রে অযোগ্য হিসেবে গণ্য হবে।
- ০৯। কোন দরপত্র গ্রহণ বা বাতিল করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।


06.03.23

(মোঃ মিজানুর রহমান)
ডেপুটি কমিশনার
কমিশনারের পক্ষে।